“লোকদের কী হয়েছে যে, তারা তাদের সালাতে আকাশের দিকে দৃষ্টি তুলছে?” এ ব্যাপারে তিনি কঠোর বক্তব্য রাখলেন; এমনকি তিনি বললেন, “তারা যেন অবশ্যই এ কাজ হতে বিরত থাকে; নচেৎ অবশ্যই তাদের দৃষ্টি কেড়ে নেওয়া হবে।”

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “লোকদের কী হয়েছে যে, তারা তাদের সালাতে আকাশের দিকে দৃষ্টি তুলছে?” এ ব্যাপারে তিনি কঠোর বক্তব্য রাখলেন; এমনকি তিনি বললেন, “তারা যেন অবশ্যই এ কাজ হতে বিরত থাকে; নচেৎ অবশ্যই তাদের দৃষ্টি কেড়ে নেওয়া হবে।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাদের সতর্ক করে দিয়েছেন যারা সালাতে দোআ বা অন্যায় কর্মে আকাশের দিকে চোখ তুলে তাকায়। তারপর তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যারা এটি করে তাদের বিরুদ্ধে তার তিরস্কার এবং হুমকি আরও তীব্র করে বলেছেন যে তিনি আশঙ্কা করেন যে তাদের দৃষ্টিশক্তি তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হবে এবং এত তাড়াতাড়ি কেড়ে নেওয়া হবে যে তারা দৃষ্টিশক্তি হারানো পর্যন্ত বুঝতে পারবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/10883